গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

স্মারক নং-এলজিইডি/সিই/পিইউ-৬৩/২০১০/১১৮৮ তারিখঃ ০৪/০৯/২০১৩ইং

প্রতি,

তত্ত্বাবধায়ক প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
---------------------- অঞ্চল।

বিষয়ঃ ই-জিপি পদ্ধতিতে রাজস্ব বাজেটের আওতাধীন কাজের চুক্তি অনুমোদন/সম্পাদনের ক্ষেত্রে এলজিইডি'র অঞ্চল পর্যায়ের তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণকে HOPE কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা (AO) হিসাবে ভূমিকা পালন প্রসংগে।

সূত্রঃ এলজিইডি/সিই/পিইউ-৬৩/২০১০/১১৭৪, তারিখঃ ২৬/০৮/২০১৩ ইং।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চলতি অর্থ বৎসর (২০১৩-১৪) হতে রাজস্ব বাজেটের আওতায় পূর্ত/রক্ষণাবেক্ষণ কাজের দরপত্র ই-জিপি পদ্ধতিতে প্রক্রিয়াকরণের প্রেক্ষিতে উক্ত কাজের চুক্তি অনুমোদন/সম্পাদনের বিষয়ে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক জারীকৃত আর্থিক ক্ষমতা পুনঃনির্ধারণ সংক্রান্ত অফিস আদেশ অনুসারে নিম্নবর্ণিত বিষয়সমূহের প্রতি লক্ষ্য রেখে তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণকে দায়িত্ব পালনের অনুরোধ করা হলোঃ

১। ই-জিপি পদ্ধতিতে প্রযোজ্য ক্ষেত্রে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অঞ্চল) দরপত্র প্রক্রিয়াকরণে অনুমোদনকারী কর্তৃপক্ষ (AA) হিসাবে সিদ্ধান্ত প্রদান করবেন বিধায় ইতোমধ্যে এলজিইডি'র অঞ্চল পর্যায়ের ১৪ জন তত্ত্বাবধায়ক প্রকৌশলীকে ই-জিপি পদ্ধতির ব্যবহারকারী (Govt. User) হিসাবে অন্তর্ভুক্ত করা হয়েছে। তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ HOPE কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা (AO) এর ভূমিকায় ই-জিপি সিস্টেমে তার আর্থিক ক্ষমতানুযায়ী দায়িত্ব পালন করবেন। সিস্টেমে প্রবেশের জন্য অঞ্চল পর্যায়ের সকল তত্ত্বাবধায়ক প্রকৌশলী'র প্রাথমিক Password সহ User ID প্রস্তুত করা হয়েছে। এতদসংযুক্ত তালিকা (সংযুক্তি-১) অনুযায়ী ১৪ জন তত্ত্বাবধায়ক প্রকৌশলী'র User ID প্রেরণ করা হলো। প্রাথমিক Password পরবর্তীতে সংশ্লিষ্টদেরকে e-mail/SMS এর মাধ্যমে জানানো হবে।

২। দরপত্র মূল্য প্রাক্কলিত মূল্যের মধ্যে সীমাবদ্ধ থাকা সাপেক্ষে রাজস্ব বাজেটের আওতায় ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত নতুন পূর্ত/রক্ষণাবেক্ষণ কাজের ক্ষেত্রে ই-জিপি পদ্ধতির মাধ্যমে আহ্বানকৃত দরপত্রের প্রেরীত দরপত্র মূল্যায়ন প্রতিবেদন তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ পিপিআর, ২০০৮ এর বিধি-১১ অনুযায়ী ই-জিপি পদ্ধতিতে অনলাইনে সিদ্ধান্ত প্রদানপূর্বক নিস্পত্তি করবেন।

৩। পিপিআর, ২০০৮ এর তফসিল-৩ অনুযায়ী তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ মূল্যায়ন কমিটির সুপারিশ সম্পর্কে ৭ দিনের মধ্যে সিদ্ধান্ত প্রদান করবেন।

৪। ই-জিপি পদ্ধতিতে কাজ করার জন্য সর্বক্ষেত্রেই বাংলাদেশের জাতীয় ইলেকট্রনিক গভর্ণমেন্ট প্রকিউরমেন্ট পোর্টাল (**www.eprocure.gov.bd**) সাইটে User ID এবং Password দিয়ে Login করতে হবে।

৫। সংশ্লিষ্ট সকলেই স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের ই-জিপি কার্যক্রমে নিজ নিজ Password এর গোপনীয়তা রক্ষা করে দায়িত্ব ও কার্যাদি সম্পাদন করবেন। এ পরিপ্রেক্ষিতে সদর দপ্তর হতে প্রাথমিক Password প্রাপ্তির পর গোপনীয়তা রক্ষার্থে অবশ্যই তা পরিবর্তন করে নিতে হবে।

৬। বদলীর ক্ষেত্রে দায়িত্ব অর্পনকারী কর্মকর্তা শুধুমাত্র দায়িত্ব গ্রহণকারী কর্মকর্তার নিকট Password হস্তান্তর করবেন ও দায়িত্ব গ্রহণকারী কর্মকর্তা অনতিবিলম্বে ই-জিপি সিস্টেমে প্রবেশ করে ব্যক্তিগত তথ্যসমূহ ও Password পরিবর্তনপূর্বক পরবর্তী কার্যক্রমে অগ্রসর হবেন।

৭। ই-জিপি পদ্ধতিতে দায়িত্ব পালনকালে যে কোন ধরনের সহযোগিতার প্রয়োজন হলে এলজিইডি'র প্রকিউরমেন্ট ইউনিট (**xen.procurement@lged.gov.bd**) এর সাথে যোগাযোগ করতে হবে।

৪/৯/২০১৩
(মোঃ ওয়াহিদুর রহমান)
প্রধান প্রকৌশলী

অনুলিপিঃ
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকিউরমেন্ট/রক্ষণাবেক্ষণ), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৩। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ ............................................।
৪। জনাব ..............................................................., সদস্য, e-GP/PROMIS Cell।

D:\e-GP Letter\e-GP Letter.docx